আলমডাঙ্গায় সৈনিক কল্যাণ সংস্থার ভ্রাম্যমাণ দোকান

আলমডাঙ্গায় অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনী সৈনিক কল্যাণ সংস্থার উদ্যোগে মূল্য ছাড়ে ভ্রাম্যমান ভাবে কিছু নিত্য প্রয়োজনীয় দ্রব্য বিক্রি শুরু করেছে।
পবিত্র রমজানে মাস উপলক্ষে তারা ক্রেতা সাধারনের সুবিধার্থে বাজারের বিক্রিত পন্যের চেয়ে কম দামে বিক্রি করছেন।
বিক্রিত মালামালের মধ্যে রয়েছে সয়াবিন ও সরিষার তৈল, চা, অরেঞ্জ ড্রিকস, সফট ড্রিকস মধু, ডিটারজেন্ট পাউডার, টয়লেট ক্লিনার, হ্যান্ড ওয়াসসহ বেশকিছু পন্য।
প্রতিদিন সকাল থেকে বিকেল পর্যন্ত ভ্যান, অটো রিকসায় করে শহরের বিভিন্ন স্থানে ঘুরে ঘুরে এসব মালামাল বিক্রি করা হচ্ছে। অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনী সৈনিক কল্যাণ সংস্থার সভাপতি সার্জেন্ট মুনছুর আলী, সাধারন সম্পাদক সার্জেন্ট (অব) লিয়াকত আলী ও বিমান বাহিনীর (অব:) ওয়ারেন্ট অফিসার রওশন আলী এ কার্যক্রম পরিচালনা করছেন।
সংস্থার সভাপতি মুনছুর আলী জানান, পৃথিবীর অন্যান্য দেশে বাৎসরিক উৎসবের দিনগুলোতে ওইসব দেশের ব্যবসায়ীরা সকল পণ্যের উপর মুল্য ছাড় দিয়ে থাকেন ।
আমরা আলমডাংঙ্গার সামরিক সদস্যরা পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে কিছু নিত্য প্রয়োজনীয় ভোগ্য সামগ্রী মুনাফাবিহীন মুল্যে সাধারন মানুষের হাতে তুলে দেবার চেস্টা করছি । এ সুবিধা শুধু মাত্র পবিত্র ঈদুল ফিতর পর্যন্ত থাকবে। এজন্য সকলের সহযোগিতা কামনা করি।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কর্তৃক প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

করোনাকালীন সময়ে কর্মহীন মানুষের কষ্ট লাঘবে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার মানবিক সহায়তা কার্যক্রমের কর্মহীন দুঃস্থ, অসহায় দরিদ্র এবং ভাসমান মানুষের মাঝে ধারাবাহিক মানবিক সহায়তা

বিতরণ করা হচ্ছে প্রতিটি জেলায় তার ন্যায় চুয়াডাঙ্গা তে আজ দুস্থ শিল্পীদের মাঝে এই উপহার সামগ্রী বিতরণ করা হয়।

আজ শুক্রবার বেলা সাড়ে চারটার সময় অসহায় নরসুন্দর এবং দুস্থ শিল্পীদের মাঝে ত্রাণ বিতরণ করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।
এ সময় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী প্রতিটি দুস্থ অস্বচ্ছল পরিবারের কাছে পৌঁছে যাবে।

তিনি আরো বলেন, সকলকে নিজ নিজ অবস্থান থেকে সতর্ক থাকতে হবে। প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী পর্যায়ক্রমে সকল দুস্থ অসচ্ছল দরিদ্র পরিবারকে দেয়া হবে প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী হিসেবে চাল-১০ কেজি, ডাল (মসুর)-১ কেজি, আলু-২ কেজি, পেঁয়াজ-১ কেজি, সয়াবিন তেল-১ লিটার এবং পবিত্র ঈদ-উল-ফিতর কে সামনে রেখে চিনি -১ কেজি ও ১ প্যাকেট সেমাই এর একটি পুর্নাঙ্গ প্যাকেজ প্রদান করা হয়।

আজ ১৩০ জন নরসুন্দর এবং দুঃস্থ শিল্পীর মাঝে মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত এ উপহার সামগ্রী বিতরণ করা হয়।

উপহার সামগ্রী বিতরণ কালে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক মুনিরা পারভীন, এনডিসি আমজাদ হোসেন, নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট গণ।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সেহেরি বিতরণ

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোঃ জানিফের সার্বিক তত্বাবধানে ও চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সদস্য গাজী ইমদাদুল হক সজল ও ছাত্রলীগ নেতা ইব্রাহিম শেখ ইমরানের নেতৃত্বে চুয়াডাঙ্গা পৌর শহরের বিভিন্ন স্থানে অবস্থানরত অনাহারে থাকা

হতদরিদ্র মানুষের এক বেলা অন্নযোগান দিচ্ছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ।

সম্পূর্ণ রমজান মাস ব্যাপী বিভিন্ন মহৎ এ উদ্যোগ নিয়েছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ এবিং তা বাস্তবায়নও করছে তারা।

এই করোনা মহামারীতে যেসমস্ত অসহায়, অনাহারে থাকা মানুষের দুবেলা খাবার যোগান দেয়া অসম্ভব হয়ে পড়েছে সেখানা সেহেরী বিতরণের মধ্য দিয়ে সাহায্য করে যাচ্ছেন তারা।

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতাকর্মীরা করোনা মহামারীর প্রথম থেকেই জনসাধারণের জন্য নির্বিঘ্নে কাজ করে যাচ্ছে। যেকোন বিপদে আপদে ছূটে আসছে তারা। তাই এবার সসম্পূর্ণ রমজান মাসে অনাহারে থাকা হতদরিদ্রদের পাশে সেহেরি ও ইফতারি বিতরণ করে আসছে তারা।

ইতোমধ্যে চুয়াডাঙ্গা জেলার সাধারণ জনগণ তা প্রশংসার দাবিদার করছে। চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোঃ জানিফ ও চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের ব্যাতীক্রমী উদ্যোগে যেমন মিলছে অনেক অসহায় মানুষের এক বেলার অন্ন ঠিক তেমনি তাদের থেকে পাওয়া দোয়া পাচ্ছেন তারা। তাদের এই কর্মকান্ডকে অসহায় এই মানুষগুলো ভালবাসা হিসেবে গ্রহণ করছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী ও কেন্দ্রীয় ছাত্রলীগের ঘোষণা মোতাবেক এই ধারাবাহিকতা বজায় রেখে চলেছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ।

উক্ত সেহেরী বিতরণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ মনিরুজ্জামান শুভ, আকিব জাভেদ, সুমন, হাসান, রাইসুল, অংকন, চন্দন, বিপ্লব, মামুন সহ চুয়াডাঙ্গা পৌর ছাত্রলীগ ও কলেজ ছাত্রলীগ ও বিভিন্ন ইউনিটের নেতা কর্মীরা।

চুয়াডাঙ্গা সদর থানার উদ্যোগে

মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান এর নেতৃত্বে চুয়াডাঙ্গা বড়বাজার হাসান চত্বরে মাস্ক,হ্যান্ড স্যানিটাইজার ও সচেতনতা মূলক মাইক প্রচার করা হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে দশটার সময় বৈশ্বিক মহামারী করোনার দ্বিতীয় ধাপ মোকাবেলায় শহীদ হাসান চত্বরে দোকানপাট, শপিংমল, হাট বাজারে আসা ব্যক্তি এবং রাস্তায় চলাচলগামী সাধারণ জনতাকে করোনার ভয়াবহতা ও এর ক্রমবর্ধমান হারে বিস্তার রোধকল্পে সচেতনতা সহ হ্যান্ড স্যানিটাইজার মাক্স ও মাইক প্রচার করা হয়।

এসময় চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান বলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর) সার্কেল মোঃ জাহাঙ্গীর আলম এর নির্দেশনায় এই কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

তিনি আরোও বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল নির্দেশনা আমাদেরকে মেনে চলতে হবে প্রয়োজন ছাড়া ঘরের বাহিরে বের হওয়া যাবেনা এবং সকলকে মাস্ক পরিধান করতে অনুরোধ জানান।

এসময় আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর থানার পুলিশের একটি চৌকস টিম।

চুয়াডাঙ্গায় জেলা প্রশাসনের উদ্যোগে ইফতার বিতরণ

চুয়াডাঙ্গা জেলার সকল প্রকার মানবিক কাজের পাশাপাশি রমজান মাসে ইফতার বিতরণ কার্যক্রম চলমান রেখেছে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

গতকাল সোমবার বিকাল সাড়ে পাঁচটার সময় চুয়াডাঙ্গা হাসান চত্বরে

এই কার্যক্রম পরিচালনা করেন চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক মনিরা পারভীন ও এনডিসি আমজাদ হোসেন।

এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক মনিরা পারভীন বলেন, জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকারের নির্দেশনায় পুরো রমজান মাসজুড়ে চলমান থাকবে ইফতার বিতরণ কার্যক্রম। আজ শতাধিক মানুষের মাঝে এই ইফতারি বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গায় দরিদ্র দুস্থ ও অসচ্ছল মানুষের মাঝে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দরিদ্র দুস্থ ও অসচ্ছল মানুষ দের মাঝে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করেছেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসন।

সোমবার বেলা ১০ ঘটিকা ও বেলা ৩:৩০ ঘটিকার সময় জেলা প্রশাসনের কর্মকর্তা কর্তৃক এই প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার ও চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম।

চুয়াডাঙ্গা পৌরসভার ৯টি ওয়ার্ডের ৩৫০ পরিবারের দরিদ্র অসচ্ছল পরিবারের মানুষদের মাঝে এই প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ করা হয়।

এসময় জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, প্রধানমন্ত্রীর এই উপহার সামগ্রী পর্যায়ক্রমে চুয়াডাঙ্গা জেলার অসচ্ছল দরিদ্র মানুষের মাঝে বিতরণ কার্যক্রম চলমান থাকবে।

প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ কার্যক্রম আরো উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সাদিকুর রহমান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক মুনিরা পারভীন,

এনডিসি আমজাদ হোসেন, নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান, নির্বাহী ম্যাজিস্ট্রেট নজরুল ইসলাম সহ চুয়াডাঙ্গা পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর বৃন্দ।

এই কার্যক্রমকে সাধুবাদ জানিয়েছে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী ভোগকারী দুস্থ ও অসচ্ছল পরিবারের লোকজন।

চুয়াডাঙ্গায় স্বাস্থ্যবিধি না মানায় জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদরের কৃষ্ণপুর মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান চালানো হয়েছে। ভ্রাম্যমাণ আদালতের অভিযানে অভিযানে ৩ জনকে ২০০০ টাকা জরিমানা করা হয়।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান গতকাল বুধবার সাড়ে ১১ টার সময় চুয়াডাঙ্গার কৃষ্ণপুর মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে লকডাউন অমান্য করে দোকান খুলে রাখা, মাস্ক পরিধান না করা এবং স্বাস্থ্য বিধি না মানার অপরাধে দন্ডবিধি ১৮৬০ এর ৩টি মামলায় ৩ জন কে ২০০০/-(দুই হাজারটাকা) অর্থদন্ড প্রদান করেন।

এসময় তিনি বলেন, সরকার ঘোষিত লকডাউন অমান্য ও সরকারের সকল নিয়ম-নীতি অমান্য করলে সকলকে আইনের আওতায় এনে জরিমানা করা হবে।

ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনায় সহযোগিতা করেন পেশকার মোঃ সোবহান আলীসহ মোবাইল কোর্ট পরিচালনার সদস্যবৃন্দ। জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানাযায়।

জীবননগরে অসহায় দরিদ্র পরিবারে মাঝে খাদ্য সমাগ্রী বিতরণ

পবিত্র মাহে রমজান উপলক্ষে সামাজিক দুরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে জীবননগর উপজেলার ১৪০টি অসহায় হতদরিদ্র পরিবারের মাঝে বিভিন্ন খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে ১২টার সময় দোস্ত এইড বাংলাদেশ সোসাইটির উদ্যোগে সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার বাস্তবায়নে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

প্রতিটি প্যাকেজে রয়েছে ৮ কেজি চাউল, ১কেজি ডাউল, ১লিটার সয়াবিন তেল, ১ কেজি ছুলা, ১ কেজি মুড়ি, ১ কেজি আটা, ১ কেজি পিয়াজ, ১ কেজি চিনি, সাবানসহ বিভিন্ন খাদ্য সামগ্রী।

শিকড় সমাজ কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি চাষী রমজানের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন শিকড় সমাজ কল্যাণ সংস্থার যুগ্ন সাধারণ সম্পাদক ও মাই টিভির জীবননগর উপজেলা প্রতিনিধি মিঠুন মাহমুদ, শিকড় সমাজ কল্যাণ সংস্থার কোষাধ্যক্ষ হোসাইন আহম্মেদ সদস্য মফিজুল ইসলাম, তুহিনুজ্জামান, রমজান হোসেন, লাবনী, মিম, ওমর ফারুক, বাদশা, নিলয় প্রমুখ।

জীবননগরে বনবিড়াল ধরার ফাঁদে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে গৃহকর্তার মৃত্যু

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার শিয়ালমারী গ্রামে পোষা কবুতর বাঁচাতে গিয়ে নিজের তৈরী বনবিড়াল ধরার ফাঁদে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে বকুল হোসেন হোসেন (৩০) নামের এক ব্যক্তির মৃত্যু হয়েছে।

নিহত বকুল হোসেন শিয়ালমারী গ্রামের মো. তুরাপ আলীর ছেলে।

নিহতের স্বজনরা জানায়, বকুল হোসেন দীর্ঘদিন ধরে নিজ বাড়িতে কুবতর পালতো। প্রায়ই রাতে বনবিড়াল তার কবুতরের ঘরে হানা দিয়ে কবুতর খেয়ে ফেলতো। বন বিড়ালের অত্যাচারের হাত থেকে কবুতরগুলো রক্ষার জন্য বনবিড়াল মারতে গতকাল রবিবার রাতে কবুতর ঘরের চারপাশে বৈদ্যুতিক ফাঁদ পেতে রাখে বকুল হোসেন।

আজ সোমবার রাত আনুমানিক সাড়ে ৩ টার দিকে কবুতর ঘরে বনবিড়াল প্রবেশের শব্দ পেয়ে তড়িঘড়ি করে বন বিড়াল মারতে যায় বকুল হোসেন। এসময় নিজের তৈরি বনবিড়াল ধরার বৈদ্যুতিক ফাঁদে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মারা যায় বকুল হোসেন।

উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ বলেন, বনবিড়ালের কবল থেকে কবুতর বাঁচানোর জন্য শিয়ালমারী গ্রামে নিজের তৈরি বনবিড়াল ধরার ফাঁদে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে বকুল হোসেনের মৃত্যু হয়েছে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. সাইফুল ইসলাম জানান, বিষয়টি তিনি লোকমুখে শুনেছেন।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমান আদালতের অভিযান -জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদরের নীলমনিগঞ্জ বাজার এলাকায় ভ্রাম্যমান আদালতের অভিযান চালানো হয়েছে।ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান।

আজ বুধবার ১৪ এপ্রিল, ২০২১ তারিখ বেলা ১২.৩০ ঘটিকার সময় চুয়াডাঙ্গা সদরের নীলমনিগঞ্জ বাজার এলাকায় ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করে লকডাউন অমান্য করে গার্মেন্টসের দোকান খুলে রাখা, মাস্ক পরিধান না করা এবং স্বাস্থ্য বিধি না মানার অপরাধে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নিমূল) আইন, ২০১৮ এর ২৪ (১)ধারায় ১টি মামলায় ১জন কে ২০০০/-(দুই হাজার টাকা মাত্র)

অর্থদন্ড প্রদান করেন।

এসময় তিনি বলেন সরকার ঘোষিত লকডাউনের বিধিনিষেধ সকলকে মেনে চলতে হবে না হলে অমান্য কারীর বিরুদ্ধে শাস্তি ও জরিমানা আদায় করা হবে। সহযোগিতায় ছিলেন সোবহান আলী, পেশকার, মোবাইল কোর্ট এবং চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের চৌকস দল । জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে তিনি জানিয়েছেন।